

রাতে যে খাবার খেয়ে সৌন্দর্য ধরে রাখছেন কারিনা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৫ ঃ মেহেরপুর-মঙ্গলবার ১৫ জুলাই ২০২৫ ইং ঃ ৩১ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

## গাংনী হাসপাতালে নষ্ট হচ্ছে কোটি টাকার সরঞ্জাম

# রোগীরা ছুটছেন ক্লিনিকে



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক ও জনবল সংকটের কারণে দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে অপারেশন থিয়েটার ও এক্স-রে কার্যক্রম। ফলে কোটি টাকার চিকিৎসা সরঞ্জাম ব্যবহার না হওয়ায় ধুলাবালিতে ঢেকে পড়ে আছে, অনেক যন্ত্রপাতিতে ধরেছে মরিচাও।

অব্যবহৃত যন্ত্রপাতি নষ্ট হয়ে গেলেও কর্তৃপক্ষের উদ্যোগ নেই বলেই অভিযোগ স্থানীয়দের। অন্যদিকে প্রয়োজনীয় চিকিৎসাসেবা না পেয়ে সাধারণ মানুষ বাধ্য হচ্ছেন চড়া মূল্যে বেসরকারি ক্লিনিকমুখী হতে।

স্থানীয় বাসিন্দা সাগর আহমেদ বলেন, ‘আমার স্ত্রীকে হাসপাতালে আনার পরিকল্পনা ছিল। কিন্তু জানতে পারি এখানে অপারেশন হয় না। বাধ্য হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



১৫ জুলাই ২০২৪, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের উপর ছাত্রলীগের হামলা।
ছবিঃ তথ্য মন্ত্রণালয়

## ১৫ জুলাই : কোটা সংস্কার আন্দোলনে ছাত্রলীগের হামলা, রণক্ষেত্র ঢাবি

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের ১৫ জুলাই (সোমবার) সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর দফায় দফায় হামলা চালায় ছাত্রলীগ। শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।

ছাত্রলীগের এই হামলায় সারাদেশে চার শতাধিক শিক্ষার্থী আহত হন। এর মধ্যে শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আহত হন ২৯৭ জন শিক্ষার্থী। তারা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেন। এদিন হাসপাতালে

২-এর পৃষ্ঠা দেখুন

## পরিবার পরিকল্পনায় বিশেষ অবদানে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হলেন খায়রুল ইসলাম

নিজস্ব প্রতিবেদক



পরিবার পরিকল্পনা কার্যক্রমে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলামকে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সম্মাননা প্রদান করা হয়েছে।

সোমবার (১৪ জুলাই) বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়।

এর আগেও ২০২৫ সালের জুন মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে বিশেষ ভূমিকার জন্য তাঁকে শ্রেষ্ঠ ইউএনও হিসেবে সম্মাননা দেওয়া হয়েছিল। এবার পরিবার পরিকল্পনা কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখায় দ্বিতীয়বারের মতো তিনি এই গৌরব অর্জন করলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ‘জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ’ নির্মাণের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর কলেজ মোড়ে ‘জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ’ নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গণপূর্ত বিভাগের প্রায় ১৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিতব্য এই স্মৃতিস্তম্ভের কাজ শুরু হয় সোমবার সকালে।

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রথমবারের মতো নিলামে ১৭ কোটি ১০ লাখ ডলার কিনলো বাংলাদেশ ব্যাংক

নিজস্ব প্রতিবেদক

প্রথমবারের মতো নিলামের মাধ্যমে রোববার বাণিজ্যিক ব্যাংকগুলো থেকে ১৭ কোটি ১০ লাখ মার্কিন ডলার কিনেছে বাংলাদেশ ব্যাংক। রেমিট্যান্স প্রবাহ ও রপ্তানি আয় বাড়ার ফলে মার্কিন ডলারের দাম টাকার তুলনায় গত এক সপ্তাহ ধরে কমছে। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় ব্যাংক এই নতুন পদক্ষেপ নিয়েছে। এই ডলার কেনার জন্য কেন্দ্রীয় ব্যাংক প্রতি ডলারের দাম ১২১ টাকা ৫০ পয়সা নির্ধারণ করেছে, যা বেশিরভাগ ব্যাংকের দেওয়া প্রায় ১২০ টাকা দামের চেয়ে বেশি।

বাংলাদেশ ব্যাংকের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বাসস’কে জানান, টাকার বিপরীতে ডলারের দাম স্থির রাখতে বাংলাদেশ ব্যাংক নিলামের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক থেকে ডলার কিনেছে।

তিনি বলেন, যদি ডলারের বিনিময় হার টাকার তুলনায় বেড়ে যায়, তাহলে বাংলাদেশ ব্যাংক একইভাবে নিলামের মাধ্যমে ব্যাংকগুলোর কাছে ডলার বিক্রি করবে। তিনি আরও বলেন, টাকার বিপরীতে ডলারের বিনিময় হার যেন স্থির থাকে, সেটা নিশ্চিত করতে প্রয়োজন হলে বাংলাদেশ ব্যাংক যেকোনো সময় বাজারে হস্তক্ষেপ করতে পারে।

একটি শীর্ষস্থানীয় বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের এক ঊর্ধ্বতন ট্রেজারি কর্মকর্তা জানান, রোববার প্রতি ডলারের বিনিময় হার ছিল ১২০ টাকা। আজ তা বেড়ে ১২১ টাকা ৫০ পয়সায় পৌঁছাতে পারে বলে ধারণা করা হচ্ছে। রোববার অধিকাংশ ব্যাংক প্রতি ডলারের বিনিময় হার প্রায় ১২০

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে এরশাদের ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা ও দোয়া মাহফিল

নিজস্ব প্রতিবেদক

হুসেইন মোহাম্মদ এরশাদের ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৪ জুলাই) বিকাল ৪টায় মেহেরপুর শহরের মল্লিকপাড়া বালিকা বিদ্যালয়ের সামনে জাতীয় পার্টির কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়।

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে ৩ হাজার ৬৬০ জন কৃষক বিনামূল্যে পাচ্ছেন বীজ ও রাসায়নিক সার

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ২০২৪-২৫ অর্থবছর খরিপ -২ মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ে ৩ হাজার ৬৬০ জন কৃষকের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ, শীতকালীন পেঁয়াজের বীজ (কন্দ), কলা চাষীদের রাসায়নিক সার, বালাইনাশক হিসেবে নগদ টাকা বিতরণের উদ্বোধন হয়েছে। পূর্ব নির্ধারিত তালিকা অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদেরকে পর্যায়ক্রমে এ প্রনোদনা দেয়া হবে। উদ্বোধনী দিনে চার ক্যাটাগরির ৫

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারতসহ ৫ দেশে আম উপহার পাঠাচ্ছেন প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের পক্ষ থেকে ভারত, পাকিস্তানসহ পাঁচটি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের কাছে উপহার হিসেবে আম পাঠানো হচ্ছে। ফ্লাইট শিডিউলের ওপর নির্ভর করে কয়েকদিনের মধ্যে এ উপহার পৌছানো সম্পন্ন হবে। সরকার ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের একাধিক সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানিয়েছে, প্রধান উপদেষ্টার পক্ষ থেকে ভুটানের রাজা ও প্রধানমন্ত্রী, ভারতের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী, নেপালের রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী, পাকিস্তানের রাষ্ট্রপতি ও

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় ছাত্রদলের বিক্ষোভ মিছিল ‘তারেক রহমানকে নিয়ে আর একটাও কথা শুনলে রাস্তায় নেমে আসব’

চুয়াডাঙ্গা প্রতিনিধি

গুপ্ত সংগঠনের নামে মবসৃষ্টি, শিক্ষাঙ্গনে অশান্তি ছড়ানো এবং সারাদেশে ক্রমাগত আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির বিরুদ্ধে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল।

সোমবার (১৪ জুলাই) দুপুরে বিএনপির কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জেলা ছাত্রদলের নেতাকর্মীরা চুয়াডাঙ্গা শহরের পুরাতন সাহিত্য পরিষদ চত্বর থেকে মিছিল বের করেন। মিছিলটি শহরের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-স্ত্রীর মর্মান্তিক মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে বিদ্যুত স্পৃষ্টে স্বামী ও তার স্ত্রীর মৃত্যু হয়েছে। এরা হলেন-গাংনী পৌরসভার ৩ নং ওয়ার্ড চৌগাছা গ্রামের মৃত মুন্নাফ আলীর ছেলে ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গলোম কিবরিয়া (৫৫) এবং তার স্ত্রী রিনা খাতুন

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবরঃ কালভার্ট বন্ধের পেছনে আওয়ামী লীগ নেতার হাত)

মাটি কেটে বন্ধ করলি
কাল ভোটের মুখ
ফসল নষ্ট হলে চাষীর
আসবে কি তাদের সুখ
নেতার হাত অনেক বড়
আওয়ামী লীগ করে
আজও তাদের দাপট বেশি
সারা বাংলা জুড়ে।
মাছ ধরতে বাধলী বান্দ
জমি হল ঘাট
সুখে আছিস আজও তোরা
চাষি হচ্ছে ষাট।

## আবু সাঈদ-মুগ্ধদের জাতীয় বীর ঘোষণা করতে হাইকোর্টের রুল

জ্যেষ্ঠ প্রতিবেদক

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদ আবু সাঈদ, মীর মুগ্ধ ও ওয়াসিমসহ অন্যান্য শহীদদের কেন জাতীয় বীর ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

সোমবার (১৪ জুলাই) বিচারপতি ফাহমিদা কাদেরের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন।

আন্দোলনে শহীদদের প্রকৃত ও নির্ভরযোগ্য তালিকা করে তা গেজেট আকারে প্রকাশের কেন নির্দেশ দেওয়া হবে নাড় রুলে তা জানতে চাওয়া হয়েছে। পাশাপাশি অন্তর্বর্তী সরকারের

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিশ্ব জনসংখ্যা দিবস পালিত, শ্রেষ্ঠদের সম্মাননা প্রদান

নিজস্ব প্রতিবেদক

আলোচনা সভা ও সম্মাননা ক্রেস্ট প্রদানের মাধ্যমে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৫। সোমবার (১৪ জুলাই) বিকেলে জেলা প্রশাসন ও পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

# অবশেষে ডলারের দাম কমল

নিজস্ব প্রতিবেদক

দীর্ঘসময় পর টাকার বিপরীতে ডলারের দাম কিছুটা কমছে। গত কয়েকদিনে দেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ বাড়ায় ডলারের বিনিময় হার ২ টাকা ২০ পয়সা কমেছে।

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, আজ সোমবার আন্তঃব্যাংকিং ডলারের বিনিময় মূল্য দাঁড়িয়েছে ১২০ টাকা ১০ পয়সা, যা গত ৯ জুলাই ছিল ১২২ টাকা ৩০ পয়সা। তবে ডলারের ক্রয়মূল্য ছিল ১১৯ টাকা ৫০ পয়সা।

২০২২ সালে কোভিডের প্রভাবে বৈশ্বিক ও অভ্যন্তরীণ অর্থনৈতিক অস্থিরতার কারণে টাকার অবমূল্যায়ন শুরু হয়। এরপর থেকে টাকার মান এখন পর্যন্ত প্রায় ৩০ শতাংশ কমেছে।



তবে সাম্প্রতিক টাকার মান বৃদ্ধির পেছনে একাধিক কারণ রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। এর মধ্যে আছে, রাজনৈতিক পট পরিবর্তনের পর প্রবাসী আয় বা রেমিট্যান্স প্রবাহ বাড়া, হুন্ডি ও মানি লন্ডারিং কমা ও ঋণদাতাদের অর্থ ছাড়।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৪২৫ অর্থবছরে রেমিট্যান্স এসেছে ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলার, যা আগের বছরের তুলনায় ২৬ দশমিক ৮১ শতাংশ বা ৬ দশমিক ৪ বিলিয়ন ডলার বেশি।

আইএমএফের ৪.৭ বিলিয়ন ডলারের ঋণ কর্মসূচির শর্ত অনুযায়ী, বাংলাদেশ ব্যাংক মে মাসে একটি উদার মুদ্রাবিনিময় হার ব্যবস্থা চালু করে।

বাংলাদেশ ব্যাংকের এক উর্ধ্বতন কর্মকর্তা দ্য ডেইলি স্টারকে বলেন, প্রথমদিকে ব্যাংকাররা আশঙ্কা করেছিলেন যে, এতে টাকার মান আরও কমে যেতে পারে। কিন্তু, বাস্তবে দেখা গেছে মুদ্রাবাজার স্থিতিশীল হয়েছে। এই স্থিতিশীলতা বিদেশি মুদ্রার রিজার্ভ বাড়াতেও সাহায্য করেছে।

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ৩১ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১৫ জুলাই ২০২৫ইং

# গাংনীতে ওয়াক ওয়ে নির্মাণে অর্থ লুট



রাব্বি আহমেদ

সরকারি প্রকল্পের নামে কাগজে-কলমে কাজ দেখিয়ে পুরো অর্থ তুলে নেওয়ার নজিরবিহীন ঘটনা ঘটেছে মেহেরপুরের গাংনীতে। ১ লাখ ৭০ হাজার ৮৬৫ টাকা ৬৫ পয়সার ওয়াক ওয়ে নির্মাণ প্রকল্পে একটি ইটও বসানো হয়নি, অথচ পুরো অর্থ গায়েব! অভিযোগের তীর গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমানের দিকে।

সূত্র জানায়, ২০২৪-২৫ অর্থবছরের অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির (টি.আর) আওতায় গাংনী উপজেলা চত্বরে সাধারণ মানুষের হাঁটাচলার সুবিধার্থে একটি ওয়াক ওয়ে নির্মাণের জন্য বরাদ্দ দেওয়া হয়। প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব দেওয়া হয় সরকারি কর্মকর্তা শামীম রেজাকেড়যিনি নিজেই প্রকৌশলী, আবার প্রকল্প সভাপতি! অথচ সরকারি বিধিতে স্পষ্ট বলা আছে, কোনো চাকরিজীবী কর্মকর্তা প্রকল্প সভাপতি হতে পারেন না। এরপরও বরাদ্দের পুরো টাকা তুলে নেন তিনি, মাঠে কাজের চিহ্নমাত্র নেই। নিয়ম ভেঙে সরকারি অর্থ আত্মসাতের এ ঘটনায় জনমনে চরম ক্ষোভ সৃষ্টি হয়েছে। অনেকে বলছেন, এটা শুধু দুর্নীতি না, এটি একটি সরাসরি রাষ্ট্রীয় অর্থ লুটের ঘটনা। প্রকৌশলী শামীম রেজা বলেন, প্রকল্পের টাকা উত্তোলন করেছি, দ্রুত কাজ শুরু করবো। আমি জোর করে সভাপতি হয়েছি, আমাকে মনসুর রহমান বানিয়েছেন। তবে তাঁর এ বক্তব্য দায় এড়ানোর চেষ্টার মতো বলেই মনে করছেন সচেতন মহল।

অন্যদিকে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমান ফোনে বলেন, কাজ কোথায় হচ্ছে তা আমি জানি না, অফিসে এসে সহকারী হাবিবের ফাইল দেখে বলতে পারবো। তাঁর এ ধরনের বক্তব্য প্রকল্প পরিচালনার দায়িত্বহীনতার নগ্ন প্রকাশ হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা। আরও আশ্চর্যজনক, পুরো বিষয়টি সম্পর্কে জানার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেনের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন ধরেননি।



## ভিটামিন ডি-এর অভাব: চুপিসারে বাড়ছে বহু রোগের ঝুঁকি

সূর্যোদয় প্রতিবেদন

আমরা অনেক সময় শরীরের ব্যথাকে হালকা করে দেখিড়বিশেষ করে পা, কোমর বা পিঠের ব্যথা। অনেকে ধরে নেন, এটি বয়সজনিত বা কাজের চাপজনিত। কিন্তু চিকিৎসা-বিজ্ঞান বলছে, এই সাধারণ ব্যথার পেছনে লুকিয়ে থাকতে পারে একটি গুরুত্বপূর্ণ পুষ্টির অভাবড়ভিটামিন ডি।

ভিটামিন ডি মূলত ক্যালশিয়াম শোষণে সহায়তা করে এবং হাড় মজবুত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে এর কাজ এখানেই থেমে থাকে না। আধুনিক গবেষণা বলছে, এর অভাব আমাদের শরীরে আরও বহু বিপর্যয়ের জন্ম দিতে পারে।

২০২৪ সালে ইংল্যান্ডের সায়েন্টিফিক রিপোর্ট নামক জার্নালে প্রকাশিত একটি জরিপে দেখা গেছে, শহরতলি ও গ্রামীণড়দুই এলাকাতেই প্রাপ্তবয়স্কদের মধ্যে ভিটামিন ডি-এর ঘাটতির মাত্রা উদ্বেগজনকভাবে বেশি। ৫০ বছরের ঊর্ধ্বে এই ঘাটতির হার দাঁড়িয়েছে প্রায় ৯৪ শতাংশে।

এই ঘাটতির প্রভাব সীমিত নয়। টাইপ-২ ডায়াবেটিস, বিষণ্নতা, ক্লান্তি, এমনকি কিছু মারাত্মক ক্যানসারের ঝুঁকিও বাড়িয়ে দিতে পারে ভিটামিন ডি-এর অভাব। ২০১৮ সালের একটি গবেষণায় দেখা গেছে, ভিটামিন ডি সাপ্লিমেন্ট

৩-এর পৃষ্ঠা দেখুন

### ডেঙ্গুতে আরও ২ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ৩৩০

জ্যেষ্ঠ প্রতিবেদক

রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত (একদিনে) ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও দুই জনের মৃত্যু হয়েছে। এই সময়ে ভাইরাসটিতে নতুন করে আক্রান্ত হয়ে ৩৩০ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

সোমবার (১৪ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, হাসপাতালে নতুন ভর্তিদের মধ্যে বরিশাল বিভাগে ৮৬ জন, চট্টগ্রাম বিভাগে ৫৪ জন, ঢাকা বিভাগে (সিটি কর্পোরেশনের বাইরে) ৪৮ জন, ঢাকা উত্তর সিটিতে ২৭ জন, ঢাকা দক্ষিণ সিটিতে ৪৪ জন, খুলনা বিভাগে ২৭ জন, ময়মন

৩-এর পৃষ্ঠা দেখুন

### চানখারপুলে ৬ হত্যা

## সাবেক ডিএমপি কমিশনারসহ ৮ আসামির বিচার শুরু

জ্যেষ্ঠ প্রতিবেদক

ছাত্র-জনতার গণঅভ্যুত্থান চলাকালে গত বছরের ৫ আগস্ট রাজধানীর চানখারপুলে গুলি করে ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমান হাবিবসহ আট আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দিয়েছেন ট্রাইব্যুনাল।

সোমবার (১৪ জুলাই) দুপুরে বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ আদেশ দেন। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন, বিচারপতি শফিউল আলম মাহমুদ ও বিচারপতি মহিতুল হক এনাম চৌধুরী।

ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে ছিলেন- চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম, প্রসিকিউটর গাজী এম এইচ তামিম। আসামি পক্ষে ছিলেন- আইনজীবী সিফাত মাহমুদ শুভ।

অভিযোগ গঠনকালে গ্রেপ্তার চার আসামি ইন্সপেক্টর আরশাদ, কনস্টেবল মো. সুজন, কনস্টেবল ইমাজ হোসেন ইমন ও কনস্টেবল নাসিরুল ইসলাম ট্রাইব্যুনালে হাজির ছিলেন। এই মামলায় মোট আট আসামির মধ্যে সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমান হাবিবসহ চার আসামি পলাতক রয়েছেন।

এই মামলার পলাতক চার আসামিকে ট্রাইব্যুনালে হাজির হতে গত ৩ জুন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ দেওয়া হয়। তবে তারা হাজির না হওয়ায় ট্রাইব্যুনাল আজ এই আদেশ দেন। গত ৩ জুন ট্রাইব্যুনাল যাদের বিরুদ্ধে পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে নির্দেশ দেন তারা হলেন- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার হাবিবুর রহমান, সাবেক যুগ্ম কমিশনার সুদীপ কুমার চক্রবর্তী, রমনা অঞ্চলের সাবেক অতিরিক্ত উপকমিশনার শাহ্

৩-এর পৃষ্ঠা দেখুন




‘জুলাই গণ-অভ্যুত্থান পুনর্জাগরণ অনুষ্ঠানমালা’ নিয়ে গতকাল সোমবার গণভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে কথা বলেন সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী।

### ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘরের উদ্বোধন

জ্যেষ্ঠ প্রতিবেদক

জুলাই স্মৃতি জাদুঘরের কাজ প্রায় শেষ পর্যায়। আগামী ৫ আগস্ট জাদুঘরটি উদ্বোধন করা হবে। সে অনুযায়ী প্রস্তুতি চলছে।

গতকাল ঢাকায় গণভবনে জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালার বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী এ তথ্য জানান।

তিনি বলেন, ‘আগামী ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘর উদ্বোধন করা হবে। তবে জাদুঘরটি দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করা হবে আরো পরে’।

সংবাদ সম্মেলনে মহিলা ও শিশুবিষয়ক উপদেষ্টা শারমীন এস মুরশিদ, প্রধান উপদেষ্টার

৩-এর পৃষ্ঠা দেখুন




বাণিজ্য উপদেষ্টা

## শুল্কনীতি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা উৎসাহব্যঞ্জক

নিজস্ব প্রতিবেদক

শুল্কনীতি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিতীয় ধাপের আলোচনা উৎসাহব্যঞ্জক বলে মন্তব্য করেছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন।

তিনি বলেন, আমরা দ্বিতীয় ধাপের আলোচনা শেষ করে আবার প্রস্তুতি নিচ্ছি তৃতীয় রাউন্ডের আলোচনার জন্য। এরপর আমরা যুক্তরাষ্ট্রে ফেরত যাব। আমরা আশা করছি একটা ভালো আউটকাম আসবে।

৩-এর পৃষ্ঠা দেখুন

### লোডশেডিংয়ের সুযোগে আদালতের কাঠগড়া থেকে পালালেন আসামি

নরসিংদী প্রতিনিধি

নরসিংদীতে চুরির মামলায় সন্দেহভাজন হিসেবে গ্রেপ্তার হওয়া এক আসামি আদালতের কাঠগড়া থেকে পালিয়ে গেছেন। সোমবার (১৪ জুলাই) দুপুরে নরসিংদীর জেলা জজ আদালতের কাঠগড়া থেকে ওই আসামি পালিয়ে যান।

তার নাম রিয়াজুল ইসলাম হৃদয় (২৫)। তিনি নরসিংদী জেলার রায়পুরা উপজেলার বালুয়াকান্দি গ্রামের দানা মিয়ার ছেলে।

আসামি পালিয়ে যাওয়ার তথ্য নিশ্চিত করে নরসিংদী জজ কোর্ট পুলিশের পরিদর্শক মো. সাইরুল ইসলাম বলেন, ঘটনার সময় জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট রুবায়েত আক্তার শিফার এজলাসে বিদ্যুৎ বিভ্রাট (লোডশেডিং) চলছিল। এই সুযোগে কাঠগড়ায় অবস্থানরত অটোরিকশা চুরি

৩-এর পৃষ্ঠা দেখুন



গতকাল সোমবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের ত্রয়োদশ দিনের আলোচনায় অধ্যাপক আলী রীয়াজ বক্তব্য দেন

## জনগণের প্রতিরোধে ফ্যাসিবাদী সরকারকে পিছু হটতে হয়েছিল: অধ্যাপক আলী রীয়াজ

নিজস্ব প্রতিবেদক

জাতীয় ঐকমত্য কমিশনের সহ সভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, ‘চব্বিশের জুলাই মাসে বৈষম্যবিরোধী ছাত্র ও জনতার প্রতিরোধের মুখে তৎকালীন ফ্যাসিবাদী সরকার পিছু হটতে বাধ্য হয়েছিল।

সোমবার সকালে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে কমিশনের ত্রয়োদশ দিনের আলোচনায় তিনি এ মন্তব্য করেন।

বক্তব্যের শুরুতেই সংগ্রামী জুলাইয়ের কথা স্মরণ করিয়ে তিনি বলেন, ‘চব্বিশের জুলাইতে বৈষম্যবিরোধী ছাত্রদের ফ্যাসিবাদবিরোধী যে আন্দোলন শুরু হয়েছিল, ১৪ জুলাইয়ের

২-এর পৃষ্ঠা দেখুন

## একটি মহল তারেক রহমানের চরিত্রহননের দুঃসাহস দেখিয়েছে: ফখরুল

জ্যেষ্ঠ প্রতিবেদক

একটি চিহ্নিত মহল পরিকল্পিতভাবে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের চরিত্রহননের দুঃসাহস দেখিয়েছে বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (১৪ জুলাই) সকালে গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে দলের স্থায়ী কমিটির সংবাদ সম্মেলনে এ মন্তব্য করেন তিনি।

মিটফোর্ড এলাকায় লাল চাঁদ ওরফে সোহাগ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের গ্রেফতার ও দ্রুত বিচারের দাবি জানানোর পরও নৃশংস এই হত্যার সঙ্গে সরাসরি অংশগ্রহণকারীদের এখন পর্যন্ত গ্রেফতার না করা এবং তাদের নাম-পরিচয় উদ্ঘাটন করতে না পারায় আইনশৃঙ্খলা বাহিনীর কঠোর সমালোচনা করেন বিএনপি মহাসচিব।


তিনি বলেন, একটি বিবেকবান রাজনৈতিক দল হিসেবে লাল চাঁদ সোহাগ হত্যাকাণ্ডে বিএনপি তীব্র নিন্দা, প্রতিবাদ ও দৃষ্টামূলক শাস্তি দাবি করছে। এই হত্যাকাণ্ডে প্রত্যক্ষ সংশ্লিষ্টতা বা উপস্থিতির প্রমাণ না থাকা সত্ত্বেও ঘটনার সঙ্গে জড়িত বলে যাদের নামে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে তাদের বিরুদ্ধে দলীয় শৃঙ্খলার আলোকে আজীবন বহিষ্কারের মতো

৩-এর পৃষ্ঠা দেখুন

## তারহীন সংযোগে সুরক্ষাজরুরি

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমানে ইন্টারনেট ব্যবহার করতে গেলে বেশিরভাগ ক্ষেত্রেই ওয়াইফাই বা ব্লুটুথের মতো তারহীন (ওয়্যারলেস) সংযোগ ব্যবহার করা হয়। কিন্তু অনেকেই জানেন না, এ ধরনের সংযোগের পেছনে লুকিয়ে থাকতে পারে বড় ধরনের সাইবার ঝুঁকি। অজান্তেই ক্ষতি হয়ে যেতে পারে স্মার্টফোন, ল্যাপটপ বা ট্যাবের মতো গুরুত্বপূর্ণ ডিভাইসে। অচেনা কারও ওয়াইফাই ব্যবহার করা কিংবা নিজের ওয়াইফাই অন্যকে দিয়ে দেওয়া নিরাপদ নয়। কারণ, এসব সংযোগ ব্যবহার করে হ্যাকাররা সহজেই আপনার ডিভাইসে প্রবেশ করতে পারে। তারা আপনার ব্যক্তিগত ছবি, ভিডিও, বার্তা বা পাসওয়ার্ড হাতিয়ে নিতে পারে। একইভাবে ব্লুটুথ সংযোগের ক্ষেত্রেও সতর্ক থাকা জরুরি। ফোনে ব্লুটুথ চালু থাকলে আশপাশে থাকা হ্যাকার বিশেষ প্রযুক্তি দিয়ে আপনার ডিভাইসে অনুপ্রবেশ করতে পারে। এতে করে ডিভাইসে ‘ম্যালওয়্যার’ ঢুকে পড়তে পারে, যা ফোনের নিয়ন্ত্রণ অন্যের হাতে তুলে দিতে পারে।




ব্লুটুথ একটি সীমিত দূরত্বে কাজ করে। কিন্তু বিশেষ যন্ত্রের সাহায্যে দূর থেকেও ব্লুটুথ হ্যাক করা সম্ভব। এতে করে আপনার ফোনে ভাইরাস বা ম্যালওয়্যার ঢুকে পড়তে পারে। এতে ফোন স্লো হয়ে যাওয়া, হঠাৎ বন্ধ হয়ে যাওয়া বা গুরুত্বপূর্ণ ফাইল নষ্ট হওয়ার মতো ঘটনা ঘটতে পারে। বিশেষজ্ঞরা জানান, ব্লুটুথের ‘ব্লুবোর্ন’ নামের একটি দুর্বলতা রয়েছে, যা কোটি কোটি ডিভাইসকে হ্যাকিংয়ের ঝুঁকিতে ফেলেছে। আবার অনেক ডিভাইসের

৩-এর পৃষ্ঠা দেখুন




## যুক্তরাষ্ট্র ও মালয়েশিয়ায় বেনজীরের সম্পদ ক্রোক ব্যাংক হিসাব ফ্রিজ

নিজস্ব প্রতিবেদক

পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদের নামে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে দুটি স্থাবর সম্পদ ক্রোক ও দেশটির স্ট্যান্ডার্ড চাটার্ড ব্যাংকের দুই অ্যাকাউন্ট এবং মালয়েশিয়ার সিআইএমবি

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ১৫ জুলাই ২০২৫ ইং

## ছয়শ বিঘা ফসলের মৃত্যুর দায় কে নেবে?

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গৌরিনগর ও আলগা এলাকার কৃষিজমিতে ছয়শ বিঘা ফসল পানির নিচে তলিয়ে যাওয়ার ঘটনা শুধু একটি প্রাকৃতিক দুর্যোগের ফল নয়, বরং এটি এক জটিল প্রশাসনিক ব্যর্থতা ও রাজনৈতিক ক্ষমতার অপব্যবহারের ফল। কৃষকদের অভিযোগ অনুযায়ী, স্থানীয় এক আওয়ামী লীগ নেতা ও তাঁর ভাই মাছ চাষের উদ্দেশ্যে একমাত্র পানি নিষ্কাশনের কালভার্টটি মাটি দিয়ে বন্ধ করে দেওয়ায় এ জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ফলস্বরূপ, ধান, পাটসহ গুরুত্বপূর্ণ ফসল পানির নিচে তলিয়ে গেছে এবং ক্ষতির মুখে পড়েছেন শত শত কৃষক পরিবার।

এই ঘটনা উদ্বেগজনক শুধু এই কারণে নয় যে এতে কৃষকের জীবিকা ধ্বংস হয়েছে, বরং আরও ভয়াবহ হলোড়একটি রাজনৈতিক পরিচয় ব্যবহার করে সাধারণ মানুষের মৌলিক অধিকার হরণ করা হয়েছে। পানি নিষ্কাশনের পথ বন্ধ করে মাছ চাষের সুবিধা আদায় করা শুধু অনৈতিকই নয়, বেআইনিও বটে। স্থানীয় প্রশাসনের বারবার অভিযোগ পেয়েও কার্যকর পদক্ষেপ না নেওয়া তাদের নিষ্ক্রিয়তা ও দায়িত্বহীনতাকেই প্রমাণ করে।

একজন কৃষকের বর্ণনায় উঠে এসেছে, "চার বছর আগে নেতাদের পুকুর কাটার সময় পানি নিষ্কাশনের কালভার্টটি বন্ধ করে দেওয়া হয়।" অর্থাৎ, এই সংকট একদিনে সৃষ্টি হয়নিড়এটি বহুদিনের পুরনো সমস্যা, যা রাজনৈতিক প্রভাবশালীদের সুবিধার কারণে সমাধান হয়নি। ফসলের ক্ষতির পাশাপাশি পাটগাছে গোড়াপচা রোগের আশঙ্কাও বেড়েছে, যা ভবিষ্যতে আরও ভয়াবহ আর্থিক বিপর্যয় ডেকে আনতে পারে।

আমরা মনে করি, এই ঘটনার নিরপেক্ষ তদন্ত হওয়া জরুরি। যদি কেউ বেআইনিভাবে পানি নিষ্কাশনের পথ রুদ্ধ করে থাকেন, তাহলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নিতে হবে। একইসঙ্গে, স্থানীয় প্রশাসনেরও জবাবদিহি নিশ্চিত করতে হবেড়কেন তারা কৃষকদের অভিযোগ গুরুত্ব দিয়ে নেয়নি, কেন তারা আগাম বর্ষণের আগে কোনো পূর্বপ্রস্তুতি নেয়নি? এছাড়াও, প্রশাসনের উচিত জরুরি ভিত্তিতে পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান। শুধু তা-ই নয়, দীর্ঘমেয়াদি সমাধানের জন্য কৃষি এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থার টেকসই নকশা এবং রক্ষণাবেক্ষণের কার্যকর ব্যবস্থাপনাও জরুরি। এই দেশের কৃষি ও কৃষক আজো আমাদের অর্থনীতির মূল ভিত্তি। তাদের সুরক্ষা দেওয়া রাষ্ট্রের দায়িত্ব। ক্ষমতাবানদের সুবিধার জন্য যদি কৃষকের জীবন-জীবিকা বারবার বিপন্ন হয়, তবে সেই রাষ্ট্র কাঠামোকে জনকল্যাণমূলক বলা যায় না। এই প্রশ্নের উত্তর আজ শুধু মেহেরপুর নয়, গোটা দেশ জানতে চায়ড় ছয়শ বিঘা ফসলের মৃত্যুর দায় শেষ পর্যন্ত কে নেবে?

## রোগীরা ছুটছেন ক্লিনিকে

প্রাইভেট ক্লিনিকে নিয়ে যাই, যেখানে খরচ অনেক বেশি।' কই অভিযোগ রহিমা খাতুনেরওড়'সরকারি হাসপাতালে সেবা পেলে খরচ কমে যেত। অথচ এখন ক্লিনিকে গিয়ে হাজার হাজার টাকা গুনতে হচ্ছে।' চিকিৎসা নিতে আসা এক গৃহবধূ আঁখি খাতুন বলেন, 'সরঞ্জামগুলো বহুদিন ধরে পড়ে আছে। সব ধুলাবালিতে ভর্তি। কিছু কিছু যন্ত্রপাতি মরিচা পড়ে একেবারে নষ্ট হওয়ার পথে।' স্থানীয় সমাজকর্মী বিপ্লবের বক্তব্য আরও কড়া, "সরকারি কোটি টাকার সরঞ্জাম এভাবে নষ্ট হওয়া মানে বড় রকমের অবহেলা। কারও কোনো দায়বোধ নেই।"

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, ১৯৬৩ সালে ৩১ শয্যা নিয়ে হাসপাতালটি যাত্রা শুরু করে। ২০০৬ সালে ৫০ শয্যায় উন্নীত হয় এবং ২০১৭ সাল থেকে চালু হয় নতুন ভবন। এখন প্রায় ৪ লাখ মানুষের চিকিৎসার ভার এই হাসপাতালের ওপর, অথচ জনবল সংকটে কার্যত অচল হয়ে পড়েছে সেবা কার্যক্রম। হাসপাতালে মোট অনুমোদিত পদ ১০৭টি। কর্মরত আছেন মাত্র ৬৫ জন। চিকিৎসক ২১ জনের জায়গায় আছেন মাত্র ৮ জন। এক্স-রে টেকনিশিয়ান নেই। অপারেশন থিয়েটার চালানোর জন্য অ্যানেসথেসিয়া ও সার্জনও নেই। পরিচ্ছন্নতাকর্মী, পিয়ন, অফিস সহকারী ও নিরাপত্তাকর্মীর বেশিরভাগ পদ শূন্য। 'সমস্যা সমাধানে কাজ করছি'ড়স্বাস্থ্য কর্মকর্তা

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ জানান, 'অ্যানেসথেসিয়া ও সার্জারি বিভাগের ডাক্তার না থাকায় অপারেশন থিয়েটার বন্ধ। এক্স-রে মেশিন চালানো টেকনিশিয়ান গত ফেব্রুয়ারিতে অবসরে গেছেন, নতুন কেউ এখনো আসেননি।'

তিনি আরও বলেন, 'চিকিৎসক ও টেকনিশিয়ান সংকটের বিষয়টি আমরা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাচ্ছি। দ্রুত সমাধানের আশ্বাস রয়েছে।'

## পরিবার পরিকল্পনায় বিশেষ অবদানে

সিফাত মেহনাজ। তিনি ইউএনও মো. খায়রুল ইসলামের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন। এসময় আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক রাশেদুল বশির খানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

## মেহেরপুরে 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ'

জেলা প্রশাসক সিফাত মেহনাজ নামফলক উন্মোচনের মাধ্যমে উদ্বোধন করেন। এরপর সেখানে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস এম রফিকুল হাসান, সিভিল সার্জন ডা. এস এম আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান, এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী শাখাওয়াত হোসেন, সদর উপজেলা নির্বাচন অফিসার খায়রুল ইসলাম, তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, সমাজসেবা উপ-পরিচালক আসাদুল ইসলাম, কৃষি সম্প্রসারণ উপ-পরিচালক শামসুল আলম ও জেলা নির্বাচন অফিসার মোঃ ওয়ালিউল্লাহসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও ছিলেন সহকারী কমিশনার শেখ তৌহিদুল কবির, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি তামিম ইসলাম, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, সরকারি কলেজের শিক্ষক হেজমত আলী মালীথ্যা ও ফুয়াদ খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, ফায়ার সার্ভিস অফিসার শামীম রেজা, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন ও প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু প্রমুখ। জেলা প্রশাসন জানায়, 'জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ' নির্মাণের মাধ্যমে ইতিহাস সংরক্ষণ ও আগামী প্রজন্মকে দেশের গৌরবময় মুক্তিযুদ্ধের স্মৃতির প্রতি সচেতন করার লক্ষ্য নিয়ে এই উদ্যোগ নেওয়া হয়েছে। স্মৃতিস্তম্ভটি মেহেরপুর কলেজ মোড় এলাকায় নির্মিত হবে এবং এটি শহিদদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

## প্রথমবারের মতো নিলামে ১৭ কোটি

টাকা নির্ধারণ করেছিল। এক সপ্তাহ আগে এই হার ছিল ১২৩ টাকারও বেশি।

## মেহেরপুরে এরশাদের ৬ষ্ঠ

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুল হাদীসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী, সদর উপজেলা সভাপতি কুতুব উদ্দিন, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, গাংনী উপজেলা সভাপতি বাবলু হোসেন, সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু, পৌর সভাপতি আক্তার হোসেন, মটমুড়া ইউনিয়ন সভাপতি আব্দুস সালাম, সার্বিক সহযোগিতা জাতীয় পার্টির নেতা সেলিম রেজাসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতা-কর্মীরা।

অনুষ্ঠানে এরশাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোন

# মানবাধিকারের প্রকৃত পাঠ দেয় ইসলাম

জাবাবারুল ইসলাম

মানবাধিকার একটি বহুল উচ্চারিত শব্দ। কিন্তু আজকের বৈশ্বিক প্রেক্ষাপটে এর বাস্তবায়ন নিয়ে প্রশ্ন থেকেই যায়। বিভিন্ন রাষ্ট্র, সংস্থা বা নেতৃত্ব যখন মানবাধিকারের কথা তোলে, তখন তার পেছনে রাজনৈতিক উদ্দেশ্য কিংবা দ্বৈতনীতি স্পষ্ট হয়ে ওঠে। এই অবস্থায় ইসলাম যে মানবাধিকার চর্চার নিখাদ ও সার্বজনীন একটি দৃষ্টিভঙ্গি দিয়েছে, তা আজ পুনর্বিবেচনার দাবি রাখে।

ইসলামের অন্যতম লক্ষ্যই হলো মানব মর্যাদা ও অধিকার সংরক্ষণ। ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সবাইকে মানুষ হিসেবে সম্মান করার শিক্ষা দেয় ইসলাম। নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''তোমাদের কেউ ততক্ষণ মুমিন হতে পারবে না, যতক্ষণ না সে নিজের জন্য যা চায়, তা তার ভাইয়ের জন্যও না চায়।'' ইসলামের এই মূল্যবোধ শুধু তাত্ত্বিক নয়, বরং বাস্তব রাজনৈতিক চুক্তি ও প্রশাসনিক আচরণেও প্রতিফলিত হয়েছে। মদিনা সনদের মাধ্যমে বিভিন্ন ধর্মাবলম্বীর অধিকার সংরক্ষণ, যুদ্ধক্ষেত্রেও নিরীহ মানুষের প্রতি সদয় আচরণ, কিংবা যুদ্ধবন্দিদের সম্মানজনক ব্যবস্থাপনাড়সবই ছিল মানবাধিকারের উজ্জ্বল দৃষ্টান্ত। আসলে ইসলাম মানবাধিকারকে কেবল রাষ্ট্রীয় দলিল নয়, বরং নৈতিক দায়িত্ব ও ইবাদতের অংশ হিসেবে গণ্য করে। কোরআনুল কারিমে এতিম, মিসকিন, প্রতিবেশী, সহযাত্রী, দাসড়সবার অধিকার রক্ষার নির্দেশ রয়েছে। বিদায় হজে নবীজি (সা.) যে ঐতিহাসিক ভাষণ দিয়েছেন, তা মানবাধিকারের একটি বৈশ্বিক ম্যানিফেস্টো বললেও অত্যুক্তি হয় না।

কিন্তু দুঃখজনকভাবে আজকের দুনিয়ায় সেই মানবাধিকার পদে পদে লজ্জিত হচ্ছে। অস্ত্রের দাপটে শান্তিপ্রিয় জনগোষ্ঠী বারবার রক্তাক্ত হচ্ছে। ফিলিস্তিন তার জ্বলন্ত উদাহরণ। শত সহস্র মানুষ নিহত, লক্ষাধিক বাস্তুচ্যুত, তবু বিশ্ব শক্তিগুলো নীরব দর্শকের ভূমিকা পালন করছে। নিরস্ত্র মানুষের আর্তনাদ পশ্চিমা সভ্যতার বিবেককে নাড়া দিতে পারছে না। মানবাধিকারের দোহাই সেখানে উচ্চারিত হয়, যেখানে তা তাদের রাজনৈতিক স্বার্থ রক্ষা করে। এই দ্বিচারিতার বিপরীতে ইসলামের মানবিক মূল্যবোধ ও ন্যায়ভিত্তিক নীতিমালা সত্যিকার শান্তির পথ দেখায়। তাই আজ প্রয়োজন ইসলামপ্রদত্ত সেই মানবাধিকার শিক্ষার বাস্তব প্রয়োগ। ধর্মীয় ও জাতিগত বিভাজন ভুলে মানুষকে মানুষ হিসেবে সম্মান জানাতে না পারলে পৃথিবী কখনোই শান্তিময় হবে না।

## গাংনীতে ৩ হাজার ৬৬০ জন কৃষক

জন করে কৃষক এ প্রণোদনা পেয়েছে। পর্যায়ক্রমে পূর্ব তালিকা অনুযায়ী কৃষকরা এ প্রণোদনা পাবেন। এ উপলক্ষে সোমবার (১৪ জুলাই) দুপুরের দিকে উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন এর সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য ও কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরণ কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন। কৃষি অফিসের উন্নয়ন শাখার উপ-সহকারী সেলিম রেজা'র সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ ইমরান হোসেন। এ প্রণোদনা কর্মসূচির আওতায় বিঘা প্রতি একজন কৃষক নিম্নে উল্লেখিত পরিমাণ বীজ ও রাসায়নিক সার পাবেন। সেই মোতাবেক ৩ হাজার জন কৃষক পাচ্ছেন গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ১ কেজি, রাসায়নিক ডিএপি সার ২০ কেজি, এমওপি ২০ কেজি ও বালাইনাশক সহায়তা হিসেবে ৩৫৫ টাকা বিকাশের মাধ্যমে পর্যায়ক্রমে পাবেন। ১০ জন চাষীকে শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ) ১৬০ কেজি পেঁয়াজ কন্দ, রাসায়নিক ডিএপি ২০ কেজি, এমওপি ২০ কেজি, বালাইনাশক ১ টি ও সংরক্ষণ পাত্র ১ টি। ৪০০ জন কলা চাষীকে ইউরিয়া ১০ কেজি, ডিএপি ২০ কেজি, এমওপি ১০ কেজি, জিংক ১ কেজি, বোরন ১ কেজি ও বালাইনাশক ১ টি করে দেয়া হবে। একই সাথে ২৫০ জন চাষীকে ৫ টি করে আমের চারা দেয়া হবে। এ সময় বিভিন্ন ইউনিয়নের ইউপি সদস্য, বীজ ও সার নিতে আসা বিভিন্ন এলাকা থেকে কৃষক কৃষাণীরাসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।জাত করা হয়।

## ভারতসহ ৫ দেশে আম উপহার

প্রধানমন্ত্রী, মালদ্বীপের রাষ্ট্রপতির কাছে আম পাঠানো হবে। আগামী কয়েক দিনের মধ্যে পৌঁছানো হবে (যা ফ্লাইটের ওপর নির্ভর করবে) এসব আম।

সূত্র আরও জানিয়েছে, পররাষ্ট্র উপদেষ্টার পক্ষ থেকে উপরিউক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের কাছে এবং ভারতের কয়েকটি রাজ্য সরকারের মুখ্যমন্ত্রীর কাছেও উপহার হিসেবে আম পাঠানো হচ্ছে। এরই মধ্যে ত্রিপুরার মুখ্যমন্ত্রীকে হাঁড়িভাঙা আম উপহার দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও আম উপহার দেওয়া হবে।

## চুয়াডাঙ্গায় ছাত্রদলের বিক্ষোভ মিছিল

কবরী রোড ও শহীদ হাসান চত্বর হয়ে একই স্থানে গিয়ে শেষ হয়। এ সময় জামায়াত ও আওয়ামী লীগ বিরোধী নানা স্লোগানে মুখর হয়ে ওঠে পুরো এলাকা। মিছিলে অংশ নেওয়া ছাত্রনেতারা বলেন, 'দেশনায়ক তারেক রহমানকে নিয়ে বারবার অপপ্রচার চালানো হচ্ছে। আমরা স্পষ্ট করে বলে দিচ্ছিড়আর একটাও কথা শুনলে আমরা রাজপথেই জবাব দেব। সময় থাকতে হুঁশিয়ার হোন।' তারা আরও বলেন, 'একটা গোষ্ঠী শিক্ষাপ্রতিষ্ঠানে বিশৃঙ্খলা ছড়ানোর চেষ্টা করছে, ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে খেলছে। আমরা তা হতে দেব না। ছাত্রদল জেগে উঠেছে, কেউ আর পার পাবেন না।' নেতারা বলেন, 'বিএনপি ছাত্রদের দল, জনগণের দল। অন্যায়-অবিচার দেখে চুপ করে থাকব না। দুর্নীতি করলে সে যেই হোক, দল থেকে বহিষ্কার করা হবেড়এই বার্তাও পরিষ্কার।' বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন জেলা ছাত্রদলের সভাপতি শাহজাহান খান, সিনিয়র সহসভাপতি তৌফিক এলাহী, সাধারণ সম্পাদক মোমিন মালিতা, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল মাহমুদ, সাংগঠনিক সম্পাদক আহসান হাবীব মামুনসহ বিভিন্ন স্তরের।

## আবু সাঈদ-মুগ্ধদের জাতীয় বীর

প্রধান উপদেষ্টা ড. ইউনূসকে নতুন বাংলাদেশের জাতীয় সংস্কারক কেন ঘোষণা করা হবে না, তাও জানতে চাওয়া হয়েছে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ আলী জিন্নাহ। রাষ্ট্রপক্ষে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল ইকরামুল কবির।

## মেহেরপুরে বিশ্ব জনসংখ্যা দিবস

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক রাশেদুল বশির খান। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ এবং সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রোমানা হেলালের জুশি। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, কুতুবপুর ইউনিয়ন পরিবার কল্যাণ সহকারী পাপিয়া খাতুন, কাথুলী ইউনিয়ন পরিবার কল্যাণ পরিদর্শিকা গুলশেতারা, আমদাহ ইউনিয়ন পরিবার কল্যাণ পরিদর্শক আল শাহিদ মানিউন, উপ-সহকারী মেডিকেল অফিসার নাজমুল হুদা। পরে পরিবার পরিকল্পনা কাজে বিশেষ অবদান রাখায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ পরিবার কল্যাণ সহকারী হিসেবে কুতুবপুর ইউনিয়নের পরিবার কল্যাণ সহকারী পাপিয়া খাতুন, শ্রেষ্ঠ পরিবার কল্যাণ পরিদর্শিকা স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্রের পরিবার কল্যাণ পরিদর্শিকা গুলশেতারা, শ্রেষ্ঠ পরিবার পরিকল্পনা পরিদর্শক কাথুলী ইউনিয়নের মুস্তাক আহমেদ, শ্রেষ্ঠ উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার বামুন্দীর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাজমুল হুদা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র গাংনী, শ্রেষ্ঠ ইউনিয়ন পরিষদ রায়পুর ইউনিয়ন পরিষদ, শ্রেষ্ঠ উপজেলা পরিষদ মেহেরপুর সদর উপজেলা পরিষদ এবং শ্রেষ্ঠ মা ও শিশু কল্যাণ কেন্দ্র মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। একই সাথে মেহের সদর উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ পরিবার কল্যাণ সহকারী হিসেবে কুতুবপুর ইউনিয়নের পরিবার কল্যাণ সহকারী পাপিয়া খাতুন, শ্রেষ্ঠ পরিবার কল্যাণ পরিদর্শিকা বুড়িপোতা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আলপনা খাতুন, শ্রেষ্ঠ পরিবার কল্যাণ পরিদর্শক কুতুবপুর ইউনিয়নের আজাদ হোসেন, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার বুড়িপোতা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ফিরোজা খাতুন, শ্রেষ্ঠ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র বুড়িপোতা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রেষ্ঠ ইউনিয়ন পরিষদ কুতুবপুর ইউনিয়ন।

## অবশেষে ডলারের দাম কমল

বাংলাদেশ ব্যাংকের হিসাব অনুযায়ী, গত ১০ জুলাই পর্যন্ত রিজার্ভ দাঁড়িয়েছে ২৪ দশমিক ৫৪ বিলিয়ন ডলার, যা গত বছর একই সময়ে ছিল ২১ দশমিক ০৬ বিলিয়ন ডলার।

ডলারের দাম দ্রুত কমতে থাকায় বাংলাদেশ ব্যাংক গত ১৩ জুলাই প্রথমবারের মতো বাজার থেকে ডলার কেনে। নতুন ব্যবস্থার অধীনে ১৮টি বাণিজ্যিক ব্যাংকের কাছ থেকে ১৭১ মিলিয়ন ডলার কেনছে কেন্দ্রীয় ব্যাংক।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান ডেইলি স্টারকে বলেন, 'ডলারের দরপতনও মুদ্রাবাজারের জন্য ইতিবাচক নয়। তাই বাজার স্থিতিশীল রাখতে আমাদের হস্তক্ষেপ করতে হয়েছে।'

'ডলারের দাম অতিরিক্ত দুর্বল হলে রপ্তানিকারক ও রেমিট্যান্স পাঠানো প্রবাসীরা ক্ষতিগ্রস্ত হন। তাই আমরা ১৭১ মিলিয়ন ডলার কিনেছি, যার সর্বনিম্ন মূল্য ছিল ১২১ টাকা ৫০ পয়সা,' বলেন তিনি।

## মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-

(৫০)। তারা ৩কন্যা সন্তানের জনক-জননী। সোমবার বিকেল সাড়ে ৩টার দিকে নিজ বাড়িতে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,গোলাম কিবরিয়া বাজার করার লক্ষে সোমবার বিকেলে রান্নার ঘরে রাখা বাইসাইকেল বের করছিলেন। এক পর্যায়ে বাইসাইলকেলে জড়িয়ে থাকা অরক্ষিত বিদ্যুতের তারে শরীর স্পর্শ করে। এসময় বিদ্যুত স্পৃষ্টে সে মাটিতে লুটিয়ে পড়ে। তার স্ত্রী রিনা খাতুন তাকে উদ্ধার করতে গিয়ে তিনিও বিদ্যুত স্পৃষ্ট হয়ে গুরুতর ভাবে আহত হন। বিষয়টি টের পেয়ে তার সন্তানেরা প্রতিবেশীদের সহযোগিতায় দুজনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিলে,কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।নতাকর্মীরা।

## ১৫ জুলাই : কোটা সংস্কার

আগের দিন ১৪ জুলাই বিকেলে এক সংবাদ সম্মেলনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোটা সংস্কার আন্দোলনকারীদের 'রাজাকারের নাতিপুতি' বলে কটুক্তি করেন। এ কটুক্তির প্রতিবাদে রাতে উত্তাল হয়ে ওঠে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। রাত ১১টার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের হলসহ প্রায় প্রতিটি আবাসিক হল থেকে 'তুমি কে আমি কে, রাজাকার রাজাকার' স্লোগানে মিছিল নিয়ে টিএসসির রাজু ভাস্কর্যের সামনে জড়ো হন শত শত শিক্ষার্থী।

পরের দিন ১৫ জুলাই ধানমন্ডিতে দলীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, 'তার আত্মস্বীকৃত রাজাকার, গত রাতে নিজেদের ঔদ্ধত্যপূর্ণ মানসিকতার প্রকাশ ঘটিয়েছে। এর জবাব ছাত্রলীগই দেবে।'

সেদিন কোটা সংস্কার আন্দোলনে যারা নিজেদের 'রাজাকার' বলে স্লোগান দিয়েছে, তাদের শেষ দেখে ছাড়বেন বলে হুমকি দেন ছাত্রলীগ সভাপতি সাদ্দাম হোসেন।

এই দুইজনের এমন বক্তব্যের পর দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর স্বশস্ত্র হামলা চালায় ছাত্রলীগের নেতাকর্মীরা।

১৫ জুলাই বেলা ১২টার পর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ও এর অধিভুক্ত সাত কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজসহ রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা মিছিল নিয়ে রাজু ভাস্কর্যের সামনে জড়ো হন। বিকেল ৩টার দিকে আন্দোলনকারীদের একটি অংশ বিশ্ববিদ্যালয়ের হলপাড়ার দিকে মিছিল নিয়ে যান। সেখানে ছাত্রলীগের সঙ্গে তাদের সংঘর্ষ বাধে। বিজয় একাত্তর হলের সামনে সংঘর্ষের সূচনা হয়। তখন আশপাশের হল ও মধুক্যান্টিন থেকে ছাত্রলীগ নেতা-কর্মীরা এসে মল চত্বরে শিক্ষার্থীদের ওপর হামলা করে। ছাত্রলীগের হামলার মুখে সাধারণ শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে ভিসি চত্বর এলাকায় যাওয়ার চেষ্টা করেন। এ সময় ছাত্রলীগের নেতাকর্মীরা রড, হকিস্টিক, রামদাসহ অস্ত্রশস্ত্র নিয়ে শিক্ষার্থীদের ওপর হামলা করে। বেশ কয়েকজন শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের বাসের ভেতর আশ্রয় নেওয়ার চেষ্টা করেন। কিন্তু সেখানেও তাদের মারধর করে রক্তাক্ত করা হয়।

ছাত্রলীগের হামলায় শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে দিগ্‌বিদিক চলে যান। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কেন্দ্রীয় ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, সাত কলেজ, মহানগর শাখা ছাত্রলীগের নেতা-কর্মীরা মহড়া দেয়। এ হামলায় অনেক নারী শিক্ষার্থীসহ প্রায় তিনশ' শিক্ষার্থী আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজে চিকিৎসা নেন। বেশ কয়েকজন সাংবাদিকও আহত হন।

এদিন সন্ধ্যায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউটেও আহত শিক্ষার্থীদের ওপর কয়েক দফা হামলা চালায় ছাত্রলীগ। এ সময় বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ্ হলের সামনে কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটানো হয়।

ছাত্রলীগের হামলার বিষয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ বলেন, '৫ শতাধিক শিক্ষার্থীর ওপর হামলা করা হয়েছে। আহতদের মেডিকেলে নিয়ে যাওয়ার পরও ছাত্রলীগের নেতা-কর্মীরা হামলা করেছে। ককটেল নিক্ষেপ করেছে। পুলিশ কোনো ধরনের সহযোগিতা করেনি। আমাদের ওপর এ হামলা পরিকল্পিত। এ হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।'

ক্যাম্পাসের সহিংসতার ঘটনায় করণীয় ঠিক করতে এদিন বিশ্ববিদ্যালয়ের সব হলের প্রাধ্যক্ষদের নিয়ে বৈঠক করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল।

বৈঠক শেষে উপাচার্য বলেন, 'শিক্ষার্থীদের নিরাপত্তার জন্য আমাদের প্রাধ্যক্ষরা রাতভর হলে অবস্থান করবেন।'

সংঘর্ষের পর ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান নেয় পুলিশ। সন্ধ্যার পরপরই ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়।

১৫ জুলাই রাত ১০টার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে সাধারণ শিক্ষার্থীদের মোবাইল তল্লাশি ও মারধর করে ছাত্রলীগের নেতাকর্মীরা। স্যার এ এফ রহমান হল, বিজয় একাত্তর হল, মাস্টারদা সূর্যসেন হল ও শহীদ সার্জেন্ট জহরুল হক হলে এমন ঘটনা ঘটে। শিক্ষার্থীরা কোটা আন্দোলন যুক্ত কি না, তা যাচাই করতে শিক্ষার্থীদের মোবাইল তল্লাশি করা হয়। আন্দোলনে সম্পৃক্ততা পেলেই মারধর করা হয়।

এদিন রাজধানীর ইডেন মহিলা কলেজের শিক্ষার্থীদের আন্দোলনে যেতে বাধা ও মারধর করেকলেজ ছাত্রলীগের নেত্রীরা। শিক্ষার্থীরা যাতে আন্দোলনে যেতে না পারে, সেজন্য কলেজের গেটে তালা দেওয়া হয়। কিন্তু শিক্ষার্থীদের একটি অংশ তালা ভেঙে মিছিল নিয়ে রাজু ভাস্কর্যের সামনে যান।

কোটা আন্দোলনকারীদের নিয়ে শেখ হাসিনার কটুক্তির প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পুলিশি বাধা অতিক্রম করে পুরান ঢাকা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যে এসে বিক্ষোভে যোগ দেন। এর আগে জবি ক্যাম্পাসে ছাত্রলীগ ও কোটা আন্দোলনকারীদের পাল্টাপাল্টি সংঘর্ষে পাঁচ শিক্ষার্থী আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের পূর্বঘোষিত বিক্ষোভ মিছিলে দফায় দফায় হামলা করে শাখা ছাত্রলীগের নেতা-কর্মীরা। ছাত্রলীগের হামলায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জাবি শাখার সমন্বয়ক আবদুর রশিদ জিতুসহ ১৫ জন আহত হন।

এর আগে ১৪ জুলাই মধ্যরাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর অস্ত্রশস্ত্র নিয়ে হামলা চালায় ছাত্রলীগ নেতা-কর্মীরা। রাত সাড়ে ১২টার দিকে শতাধিক বহিরাগত নিয়ে এ হামলা চালানো হয়। এতে অর্ধশত শিক্ষার্থী আহত হন। পরে তারা ভিসির বাসভবনে আশ্রয় নেন।

১৫ জুলাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর দুই দফায় হামলা চালায় ছাত্রলীগ। এতে ১০ জন শিক্ষার্থী আহত হয়। বিকেল সাড়ে ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার ও কাটাপাহাড় সড়কে আন্দোলনকারীদের ওপর এ হামলার ঘটনা ঘটে। এছাড়াও চট্টগ্রাম শহরেও কোটাবিরোধী আন্দোলনে শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষ হয়। এতে সাংবাদিক ও পুলিশসহ বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হন।

এদিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ বাম ছাত্রসংগঠনের নেতা-কর্মীদের ওপর হামলা চালায়। এতে কয়েকজন আহত হন। বিশ্ববিদ্যালয়ের মমতাজ উদ্দিন কলাভবনের সামনে এ ঘটনা ঘটে। যশোরে এম এম কলেজের শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিলে হামলা করে ছাত্রলীগ। দুপুরে আন্দোলনকারীরা মিছিল নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের কাছাকাছি পৌঁছালে ছাত্রলীগ তাদের ওপর হামলা চালায়। এদিন শিক্ষার্থীদের ওপর হামলায় জড়িত ছাত্রলীগ নেতাদের বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয় প্রক্টর বরাবর স্মারকলিপি দেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষার্থীরা।

এদিকে কোটা সংস্কারের দাবিতে রাজধানীর নতুন বাজার, কুড়িল বিশ্বরোড এলাকায় সড়ক অবরোধ করেন বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এদিন দুপুর থেকে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন।

এছাড়া রাজধানীর বাইরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি), কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি), খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।

১৫ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোটা সংস্কার আন্দোলনকারীদের 'তুমি কে? আমি কে? রাজাকার, রাজাকার' স্লোগান দেওয়াকে অত্যন্ত দুঃখজনক বলে আখ্যায়িত করেন। তিনি বলেন, 'নিজেদের রাজাকার বলতে তাদের লজ্জাও লাগে না।'

পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, 'রাজাকারের পক্ষে স্লোগান রাষ্ট্রবিরোধী স্লোগান। এটি সরকার বিরোধী নয়, এটি রাষ্ট্র বিরোধী স্লোগান।'

এদিকে কোটা আন্দোলনে যারা নিজেদেরকে রাজাকার বলে স্লোগান দিচ্ছে, তাদেরকে 'এ যুগের রাজাকার' বলে অভিহিত করেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। তিনি বলেন, 'এ যুগের রাজাকারদের পরিণতি, ওই যুগের রাজাকারদের মতোই হবে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কোটা আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগের ন্যাক্কারজনক হামলার প্রতিবাদে ১৬ জুলাই (মঙ্গলবার) বিকেল ৩টায় দেশব্যাপী কলেজ-বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং এই আন্দোলনে দেশের সাধারণ মানুষকে অংশ নেওয়ার আহ্বান জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম।

এদিন রাত সাড়ে ৯টার দিকে নতুন কর্মসূচি ঘোষণা দিয়ে নাহিদ ইসলাম বলেন, 'প্রধানমন্ত্রীর বক্তব্য আমরা প্রত্যাখ্যান করছি এবং নিন্দা জানাই। তার এমন বক্তব্যের জন্য দুঃখ প্রকাশ করতে হবে।'

## একটি মহল তারেক রহমানের

সর্বোচ্চ সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরূপ দৃঢ় দলীয় অবস্থান থাকা সত্ত্বেও একটি চিহ্নিত মহল পরিকল্পিতভাবে আমাদের দল এবং শীর্ষ নেতৃত্বের (তারেক রহমান) শালীনতা ও চরিত্রহননের দুঃসাহস প্রদর্শন করছে।

মিটফোর্ড এলাকায় নৃশংস হত্যাকাণ্ডের নেপথ্য বিষয়গুলো তুলে ধরেন মির্জা ফখরুল। তিনি বলেন, সার্বিক বিবেচনায় আমাদের বেশ কয়েকটি বিষয় গুরুত্বের সঙ্গে অনুধাবন করা প্রয়োজনীয় বলে মনে করছি। কারণ বিষয়গুলো জনমনে বেশ কিছু প্রশ্নের উদ্রেক করেছে। এসব বিষয় হলো-

> এই হত্যাকাণ্ড কোনো রাজনৈতিক স্বার্থসিদ্ধির জন্য ব্যবহার হচ্ছে কি না এবং এর মাধ্যমে আসন্ন জাতীয় নির্বাচনের পরিবেশ বিঘ্নিত করার জন্য বিশেষ কোনো মহলের প্ররোচনায় এই ধরনের ঘটনাকে অজুহাত হিসেবে ব্যবহার করা হচ্ছে বলে সন্দেহে করার যথেষ্ট অবকাশ রয়েছে।

> কুমিল্লার মুরাদনগরে সংঘটিত তিনটি নৃশংস হত্যাকাণ্ড, কুমিল্লার এক মসজিদের ইমামের ওপর নৃশংস হামলা, খুলনায় যুবদল নেতা মাহবুব মোল্লাকে হত্যা ও রগ কাটা; এমন হত্যাকাণ্ডের ক্ষেত্রে সবার প্রতিবাদী কণ্ঠস্বর সমমানের ছিল কি না সে প্রশ্নও তোলা যেতে পারে।

> পরিকল্পিতভাবে দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির মিটফোর্ডের হত্যাকাণ্ডকে রাজনৈতিক দুরভিসন্ধি বাস্তবায়নে ব্যবহৃত হচ্ছে বলে মনে করার যথেষ্ট কারণ রয়েছে।

> প্রকাশ্য দিবালোকে অসংখ্য মানুষের সামনে আইনপ্রয়োগকারী সংস্থার নিকটবর্তী অবস্থান থাকা সত্ত্বেও এই রূপ ঘটনার কোনো প্রতিরোধ না হওয়ায় পুরো ঘটনাটি সম্পর্কে জনমনে প্রশ্নের উদ্রেকের যথেষ্ট কারণ রয়েছে।

> জনসম্মুখে এরূপ হত্যাকাণ্ডের প্রতিবাদ এবং প্রতিরোধ ছাড়া বিনা বাধায় ভিডিও ধারণ যুক্তিসঙ্গতভাবেই অনেক প্রশ্নের জন্ম দেয়।

> পুলিশের বক্তব্য থেকে জানা যায় গ্রেফতারদের জিজ্ঞাসাবাদে এই ঘটনার সঙ্গে সংশ্লিষ্টদের রাজনৈতিক পরিচয় সর্ম্পকে কোনো তথ্য উদঘাটিত হয়নি।

> মাত্র গুটিকয়েক সন্ত্রাসী দ্বারা প্রকাশ্যে এমন হত্যাকাণ্ড সংঘটিত হওয়ায় মাত্র এক বছর আগে সংঘটিত জুলাই গণঅভ্যুত্থানের চেতনার সম্পূর্ণ বিপরীতে পুনরায় আইনের শাসন ধ্বংসের ষড়যন্ত্র বলে বিবেচিত হতেই পারে।

> সরকার পরিচালনায় দায়িত্বে না থাকা সত্ত্বেও বিশেষ একটি রাজনৈতিক দল ও তার প্রধান নেতৃত্বকে দায়ী করে বিক্ষোভ মিছিলের আয়োজন এবং অশ্লীল ভাষা প্রয়োগ রাজনৈতিক সংস্কৃতিকে আবারও সেই ফ্যাসিবাদের যুগে আমাদের ফিরিয়ে নিয়ে যাচ্ছে কি না- এমন প্রশ্ন উঠতেই পারে।

> দেশে সুস্থ ধারার রাজনীতি প্রতিষ্ঠার গণআকাঙক্ষার বিপরীতে পরিকল্পিত অপপ্রচার, অশ্লীল স্লোগানের মাধ্যমে আবারও ফ্যাসিস্ট হাসিনা ও আওয়ামী লীগের কণ্ঠস্বরের প্রতিধ্বনিই শোনা যাচ্ছে।

> পূর্বপরিকল্পিতভাবে ৯ জুলাইয়ের ঘটনা ১১ জুলাই শুক্রবার জুমার নামাজের পর, সবচেয়ে প্রাইম টাইমে ইন্টারনেটে ছড়ানো শুরু হয়।

> পরিকল্পিতভাবে নির্দিষ্ট কিছু সোশ্যাল মিডিয়ার আইডি ও পেজ থেকে আগে থেকেই তৈরি করে রাখা ফটোকার্ডগুলো অনলাইনে ছড়ানো শুরু হয়। এ থেকে প্রতীয়মান হয় যে, অনলাইনে ভুয়া তথ্যপ্রচারে ক্যাম্পেইন শুরুর আগে থেকেই অপপ্রচার সামগ্রী তৈরি করে রাখা হয়েছিল।

> অপরাধীর জন্য কোনো অনুকম্পার সুযোগ যেমন নেই তেমনি পক্ষ অবলম্বনের প্রশ্নই ওঠে না। শুধু অভিযোগের ভিত্তিতে দলীয় পদ থেকে অপসারণের এমন দৃষ্টান্তমূলক পদক্ষপকে স্বাগত না জানিয়ে পরিকল্পিতভাবে চরিত্রহনন দেশের গণতান্ত্রিক অভিযাত্রাকে প্রশ্নবিদ্ধ করে।

বিএনপি মহাসচিব বলেন, ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানো এবং তাদের আইনি সহায়তা প্রদানের অঙ্গীকার থেকে আমাদের বিচ্যুত হওয়ার সুযোগ নেই। নিহত সোহাগের রাজনৈতিক পরিচয় গুরুত্বপূর্ণ নয় বরং তিনি দেশের একজন নাগরিক, যিনি সন্ত্রাসের নির্মম শিকার। ফলে তার পরিবারের সঙ্গে আমরাও এই অপকর্মের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি। হত্যাকাণ্ডের দ্রুত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি দ্রুত কার্যকর করার বিষয়ে আমাদের দলীয় অবস্থান সুদৃঢ় এবং অপরিবর্তিত।

মির্জা ফখরুল বলেন, দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার প্রত্যয়ে ঐক্যবদ্ধ জাতিকে বিভক্তি করার ষড়যন্ত্রকারীদের মুখোশ আজ উন্মোচিত। এই অপরাজনীতি প্রতিহত করার ক্ষেত্রে সরকারের উদাসীনতার প্রতি আমরা তীব্র ক্ষোভ প্রকাশ করছি। আমরা দৃঢ়ভাবে আশা করি দেশে বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতি অবনতির ভয়াবহ পরিণাম সর্ম্পকে দায়িত্বশীল সব রাজনৈতিক দল সচেতন হবেন। রাজনৈতিক শিষ্টাচারবহির্ভূত এই জাতীয় কর্মকাণ্ডের মাধ্যমে গণতন্ত্রে উত্তরণের পথ বাধাগ্রস্ত হলে তার দায় সংশ্লিষ্টদেরই বহন করতে হবে।

তিনি বলেন, আমরা গভীর শঙ্কার সঙ্গে লক্ষ্য করছি সুপরিকল্পিতভাবে এই অশ্লীল কুরুচিপূর্ণ আক্রমণের লক্ষ্যবস্তু হচ্ছেন এই দেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, সার্বভৌমত্ব ও গণতন্ত্রের সমার্থক রাজনৈতিক দল ও তার শীর্ষ নেতৃত্ব। গুটিকয়েক রাজনৈতিক ষড়যন্ত্রকারীর অপচষ্টয় বাংলাদেশ ব্যর্থ হতে পারে না। যে তারুণ্য ফ্যাসিবাদের পতনে আমাদের সঙ্গে অগ্রসৈনিক ছিল, আজ দেশের প্রয়োজনে তাদের সঙ্গে আমাদের সবার ঐক্যবদ্ধ চেষ্টা যে কোনো মূল্যে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করবে। ঐক্যবদ্ধ বাংলাদেশে ষড়যন্ত্রকারীদের কোনো অপচেষ্টাই আমাদের লক্ষ্য অর্জনের পথে বাধা হতে পারবে না।

'পরিকল্পিত ফাঁদে পা দেওয়া যাবে না'

মির্জা ফখরুল বলেন, সংঘাত সৃষ্টির পরিকল্পিত ফাঁদে পা না দিয়ে ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্য বিনষ্ট করার যে কোনো ষড়যন্ত্র রুখে দিতে হবে। ফ্যাসিবাদের অনুপ্রবেশের যে কোনো ঘৃণ্য ষড়যন্ত্র আমরা এই বাংলাদেশে বাস্তবায়িত হতে দেবো না। সব গণতান্ত্রিক শক্তির ঐক্যবদ্ধ অবস্থানকে সঙ্গে নিয়ে এ দেশে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠার সংকল্পে আমরা বরাবরের মতোই প্রতিজ্ঞাবদ্ধ। পতিত স্বৈরাচার আর কাপুরুষ ষড়যন্ত্রকারীদের মিলিত অপচষ্টো, সুষ্ঠু নির্বাচন ও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা ও আগামীর বাংলাদেশ গড়ার পথে যদি কোনো বাধা হয়ে আসে তবে সেটা আমরা ঐক্যবদ্ধ গণতান্ত্রিক শক্তির মাধ্যমে প্রতিহত করবো ইনশাআল্লাহ।

ফ্যাসিবাদের শাসনের পতনের আন্দোলনের নেতৃত্বদানকারী বিএনপির বিরুদ্ধে কুৎসা রটনা ও দলের শীর্ষ নেতৃত্ব তারেক রহমানের বিরুদ্ধে প্রকাশ্যে অশ্লীল ও কুরুচিপূর্ণ বক্তব্যের বিরুদ্ধে প্রতিবাদ ও ঘৃণা প্রকাশ করেন বিএনপি মহাসচিব।

তিনি বলেন, আমরা কুণ্ঠিত হই, যখন লক্ষ্য করি বিকৃত রুচির এই বিকারগ্রস্ত গোষ্ঠী তাদের অশ্লীল-কদর্য মানসিকতা কোমলমতি শিশু-কিশোরদের কণ্ঠে প্রতিধ্বনিত করিয়ে আমাদের প্রজন্মের মূল্যবোধ ধ্বংস করছে শুধু তাদের কুৎসিত ষড়যন্ত্র বাস্তবায়ন করতে।